গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২২.১৭.২১৯

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮
২৭ মার্চ ২০২২

বিষয়: **মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ডাসার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কাজী সবুজ এর বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।**

সূত্র: দুর্নীতি দমন কমিশন, ঢাকা এর স্মারক নং-৫৫৯৯, তারিখ: ০৬/০২/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ডাসার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কাজী সবুজ এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৭-৩-২০২২
জেসমীন প্রধান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
ইমেইল: lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২২.১৭.২১৯/১(৫)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮
২৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, সচিব এর দপ্তর , দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ, (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭-৩-২০২২
জেসমীন প্রধান

২৫৮

স্মারক নং ০০.০১.০০০০. ৫০৩.২৬.০০৫.২২- ৫৮৭১৭ তারিখ : ০৬/২/২২

বিষয় : অভিযোগ প্রেরণ (কমিশনের ক্রমিক নং-৬৩, তারিখ:- ১৯/০৮/২০২১ খ্রি:)।

উপর্যুক্ত বিষয়ে প্রাপ্ত অভিযোগটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুসারে অভিযোগের ছায়ালিপি বিধিমতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : অভিযোগের ছায়ালিপি ১১(এগার) পাতা।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্মসচিব<br>৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) উন্নয়ন<br>৪) পানি সরবরাহ (পাস)<br>৫) উপজেলা অধিশাখা<br>৬) ইউপি অধিশাখা<br>৭) অডিট অধিশাখা<br>৮) আইন অধিশাখা |
| ডাইরি নম্বরঃ.........<br>তারিখঃ ৭/২/২২ | স্বাক্ষর |

৮/২/২২

এ কে এম সোহেল
মহাপরিচালক
ও
আহ্বায়ক (যাচাই বাছাই কমিটি)
ফোন : ২২২২২৮০৫১

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ০৭/২/২২
নম্বর ৫৪৬

ডাইরী নং ৪১৫০ তারিখ : ৮/২
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
ইপ.................১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা

অতিরিক্ত সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

, চেয়ারম্যান

... প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ডাসার ইউনিয়ন পরিষদের আওতায় ২০১৯ ও ২০২০ ইং অর্থ বছরের এলজিএসপি- ৩ এবং বিবিজির বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্পের কাজ যথাযথ ভাবে না করা এবং ব্যক্তিগত ভাবে গভীর নলকূপের স্থাপনের জন্য ডাসার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাজী সবুজ প্রতি গ্রাহকের নিকট হইতে ২০,০০০(বিশহাজার) টাকা ঘুষ নেওয়ার প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে যথা বিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, ডাসার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাজী সবুজ গত ২৮/০১/২০২১ ইং তারিকে উপ-পরিচালক স্থানিয় সরকার শাখা মাদারীপুর বরাবরে ৯,০০,০০০(নয়লক্ষ্য) টাকার প্রকল্পের কাজ সম্পন্ন করনের বিষয়ে উক্ত টাকা প্রাপ্তির ছার করনের নিমিত্তে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ মহোদয়ের নিকট আবেদন করেন কিন্তু উক্ত বরাদ্দ কৃত টাকার কাজ যথাযত ভাবে সম্পূর্ন না করেই বরাদ্দকৃত টাকা প্রাপ্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট চেয়ারম্যান কাজী সবুজ আবেদন করেন। এমতাবস্থায় আমরা ডাসার ইউনিয়নের সাধারণ জনগন অতীব দুঃখের সহিত জানাইতেছি যে,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তাঁহার পিতার আদর্শকে ধারণ করে অক্লান্ত পরিশ্রম করে বাংলাদেশেকে উন্নয়নের ও মধ্যম আয়ের দেশের দ্বারপ্রান্তে পৌছানের লক্ষে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে অর্থ বরাদ্দ করিয়াছেন, এমন কি তিনি বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের প্রতিটি গ্রামের উন্ননে তাঁহার প্রকল্পের আওতায় রাখিয়াছেন। তাঁহার সেই প্রকল্পের টাকা উন্নয়নের কাজে ব্যবহার না করে ব্যক্তিগত ভাবে আত্মসাৎ করিবে তাহা আমরা এলাকার সচেতন নাগরীক হয়ে মেনে নিতে পারিতেছি না বিধায় ডাসার ইউনিয়নের চেয়ারম্যান কাজী সবুজের অর্থ আত্মসাৎ ও অবৈধ কার্যকলাপের বিরুদ্দে অভিযোগ জানাই। চেয়ারম্যান কাজী সবুজ ২০১৯ -২০২০ ইং অর্থবছরের ১ নং থেকে ৮নং প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে বিধায় ৯,০০,০০০ (নয় লক্ষ) টাকার ছার করনের জন্য যথাযত কর্তৃপক্ষের কাছে আবেদন করিয়াছেন। উক্ত ৮টি প্রকল্পের, যেমন প্রকল্প থাকে চেয়ারম্যান কাজী সবুজ এর দেওয়া ১নং থেকে ৮নং প্রকল্পের মধ্যে ক্রমিক নং ০১ পশ্চিম কমলাপুরের হানিফ মাস্টারের বাড়ি হইতে পশ্চিম কমলাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় হইয়া কাজী বাড়ি পর্যন্ত ইটের সোলিং হওয়ার কথাছিল। সেখানে পুরাতন ইট দিয়ে কিছু কাজ হইয়াছে। এর পর ৬নং ক্রমিক পশ্চিম কমলাপুর হাকিম মাতুবর এর ইউ ব্লকের ড্রেন না করে টাকা আত্মসাৎ , ক্রমিক নং ০৮ এর গভীর নলকূপের জন্য আয়ুব আলী বেপারীর নিকট হইতে ২০,০০০/= (বিশহাজার) টাকা ঘুষ নেওয়া ডাসার ইউনিয়নের ৪নং ওয়ার্ডের পূর্বদর্শনা গ্রামের গুসাইর দোকান থেকে শিব মন্দির পর্যন্ত রাস্তায় ইটের সোলিং করার জন্য উপজেলা নির্বহী অফিসার কালকিনি মহোদয়ের মাধ্যমে বরাদ্দকৃত ২০,০০০০(দুই লক্ষ) টাকা সরকারী ভাবে আনিয়াছেন কিন্ত উক্ত টাকার কোন কাজ করেন নাই এবং ১নং ওয়ার্ড পশ্চিম কমলাপুর জাফর হাওলাদার বাড়ি হইতে মোছলেম কাজীর বাড়ি পর্যন্ত নতুন কাজের ইটের কিছু নমুনার সরূপ দেওয়া হলো , এরকম হাজার অভিযোগ আছে তার মধ্যে একটা হলো চাঁদা বাজি করিয়াছে যেমনঃ ৩ নং ওয়ার্ড আইসার গ্রামের সুনিল বিশ্বাসের কাছ থেকে ২০০০০/= (বিশ হাজার) টাকা চাঁদা বাবদ নিয়েছে, (জমি বিক্রি করেছে বলে)। আরো জানানো যাচ্ছে যে, আইসার মৌজা থেকে ধামুসা ... পর্যন্ত মালিকানা জায়গায় রাস্তা, সেই রাস্তায় গাছ বিক্রয় করে তা থেকে চাঁদা বাবদ (প্রতি গাছ থেকে) টাকা নেয়। উল্লেখ্য যে, টাকা না দিলে গাছ বিক্রয় করতে দিবে না। ডাসার ইউনিয়ন পরিষদ থেকে ২০১৯ এবং ২০২০ ইং অর্থবছরের সাধারন জনগনের কাজ থেকে টেক্সবাবদ আনুমানিক ৪০,০০০০০( চল্লিশলক্ষ) টাকা উত্তোলন করে আত্মসাৎ করিয়াছেন এবং দর্শনা উচ্চবিদ্যালয়ের দক্ষিনের ব্রীজ থেকে বাদামতলা ব্রীজ পর্যন্ত আনুমানিক ২ কিঃ ইটের সোলিং ছিলো, আনুমানিক ৮০,০০০০০/= (আশি লক্ষ) টাকার ইট ছিলো। সে ইট বিক্রয় করে তা আত্মসাৎ করে। কাজী সবুজ চেয়ারম্যান যে, বাড়িটি করেছেন তা ইউরোপ আমেরিকার ডিজাইনের বাড়ি, তাহা ২য় তলা বিসিষ্ট ( আলিসান বাড়ি)। ২য় তলা বাড়ির ওয়ালের সম্পূর্ণ রাস্তার পুরাতন ইট।

সাপেক্ষে আরো দেখতে পাবেন তাহার বাড়িতে তার বড় ভাইয়ের ঘরের সামনে অনেক রাস্তার ইটের স্তুপ রয়েছে। এছাড়া ভাঙ্গা ব্রীজ থেকে পীড়ার বাড়ির যে, রাস্তায় সরকার জমি অধিগ্রহণ করে তাতে দুটি ঘর দেখায়ে ( ১টি পূর্বখৈয়ার ভাঙ্গা শাজাহান হাওলাদারের জমিতে, ২য় টি পূর্বদর্শনা ব্রীজ সংলগ্ন কবির মাতুব্বরের বাড়িতে) ইহা থেকে আনুমানিক ৭০,০০০০০(সত্তর লাক্ষ) টাকা গ্রহণ করেছে। তাহার ব্যাংক হিসাব নম্বারে কত টাকা আছে তাহা তদন্ত করা উচিত কারণ সে কথায় কথায় বলে নির্বাচনে কত কোটি টাকা লাগবে? যে ভাবে হোক নির্বাচনে জিততেই হবে। প্রতি ভোট ১০০০০/= ( দশহাজার ) টাকা লাগলেও তা দিয়ে নির্বাচিত হবো। তার স্ত্রীর বাংক হিসাবে অনেক টাকা আছে তা তদন্তের অনুরোধ করছি। ডাসার ইউনিয়নে ইটের সোলিং বরাদ্দের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ সমূহ সরকারী নিয়ম অনুযায়ী করিয়াছে কিনা তাহা তদন্ত করার জন্য বিনীত ভাবে অনুরোধ করিতেছি। আমরা ডাসার ইউনিয়ন বাসী আমাদের চেয়ারম্যান কাজী সবুজ দ্বারা শারিরীক, মানসিক ভাবে নির্যাতিত এবং আমাদের চেয়ারম্যান কাজী সবুজ মাদক বিক্রি ও সেবন করেন। আমরা ডাসার ইউনিয়ন বাসী অনেক বারই মানব বন্ধন করিয়াছি, তাহা সংবাদ মাধ্যমে প্রকাশিত হইয়াছে। আমরা জানি আপনি অত্যন্ত ন্যায় পরায়ণ ও বঙ্গবন্ধুর আর্দশের সৈনিক। আপনি আমাদের অভিবাবক।

অতএব, মহাত্মনের সমীপে বিনীত প্রার্থনা এই যে, চেয়ারম্যান কাজী সবুজের দেওয়া প্রকল্প সমূহের কার্যাবলী তদন্ত সাপেক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণে কামনা করিতেছি।

বিনীত
ডাসার ইউনিয়নের সাধারন জনগণ পক্ষে মো: রফিক শেখ
01938 491632

অনুলিপি
১.স্থানীয় সরকার মন্ত্রনালয় ঢাকা, বাংলাদেশ ।
২. স্বরাষ্ট্র মন্ত্রনালয়,ঢাকা বাংলাদেশ।
৩.দুর্নীতি দমন কমিশন, আঞ্চলিক কার্যালয় ফরিদপুর।
৪.জেলা প্রশাসক, মাদারীপুর।
৫. পুলিশ সুপার, মাদারীপুর
৬.উপ-পরিচালাক স্থানীয় সরকার, মাদারীপুর।
৭. উপজেলা নির্বহী কর্মকর্তা, কালকিনি, মাদারীপুর।

ব্যাংকের কিছু তথ্য দেওয়া হলোঃ-
জনতা ব্যাংক, কালকিনি শাখা, মাদারীপুর

সোনলী ব্যাংক, কালকিনি শাখা, মাদারীপুর
জনতা ব্যাংক, মস্তফাপুর শাখা, মাদারীপুর
(পত্রিকার কিছু কাটিং কপি দেওয়া হলো)

সংযুক্তঃ
নির্যাতিত কিছু মানুষের তালিকা--